[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সভাপতি মনিরুজ্জামান ধীরু, আওয়াল হোসেন, সাবেক সাধারণ সম্পাদক ওসমান আলী, চঞ্চল মেহমুদ, আসান হাবিব মামুন, এফএ আলমগীর, মেহমুদ হাসান রণি, রিফাত, সুকমল বাঁধন প্রমুখ।

সাংবাদিক মোহাম্মদ মহসীন কে মেহেরপুর জেলা প্রেস ক্লাব থেকে বহিষ্কার

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সকল পদ থেকে মোহাম্মদ মহসীনকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। গতকাল শুক্রবার সকালে প্রেস ক্লাবের নির্বাহী কমিটির জরুরি সভায় নৈতিক স্থলনের অভিযোগ উঠায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন সাধারণ সম্পাদক মাহবুব চান্দু, যুগ্ম সম্পাদক আকতারুজ্জামান, কোষাধাক্ষ দিলরুবা খাতুন, দপ্তর সম্পাদক মাসুদ রানা, গণযোগাযোগ সম্পাদক এ সিদ্দিকী শাহিন, সদস্য মোর্তজা ফারুক রুপক।

উল্লেখ্য, আমাদের সূর্যোদয় পত্রিকার সাংবাদিক মোহাম্মদ মহসীন সহ দুই সাংবাদিকের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ তুলে মেহেরপুর সদর থানায় এক ব্যবসায়ী লিখিত অভিযোগ করেন। এছাড়া ওই ব্যবসায়ীর সাথে চাঁদা নেওয়া ও পরে বিষয়টি জানাজানি হলে তার ফেরত দেওয়ার চেষ্টার ফুটেজ সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে।

মেহেরপুরে দুই সাংবাদিকের

[redacted]

[redacted]

জরিমানা করেছি। চিকিৎসা সেবা সম্পর্কিত তার প্রাতিষ্ঠানিক শিক্ষা নাই। বাংলাদেশের চিকিৎসা করার জন্য বিএমডিসির ছাড়পত্র বা অনুমোদন তার নাই। কিন্তু সে নিজের নামের পূর্বে ডাক্তার লিখে পরিচয় দিয়ে বেড়ায়। হঠাৎ করে দুই তিন দিন যাবত শুনছি আব্দুর রউফ একজন সাংবাদিক। হয়তো নিজের অপকর্ম ধামাচাপা দিতেই এখন এই রূপ ধারণ করেছে।’

অভিযুক্ত সাংবাদিক মোঃ মহাসিন আলীকে ব্ল্যাকমেল ও চাঁদাবাজির অভিযোগ সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বলেন, ‘ওবায়দুল্লাহ একজন সুদ ব্যবসায়ী। আমার কাছে সব রেকর্ড আছে। নিউজ তৈরি হচ্ছে। সিসিটিভি ফুটেজে টাকা নেওয়ার বিষয়টি নিয়ে প্রশ্ন করলে তিনি এড়িয়ে যান। আবারো বলেন আমার কাছে সব রেকর্ড আছে আমি নিউজ লিখছি।’

তবে, আব্দুর রউফ প্রথমে ষড়যন্ত্র বলে দাবি করলেও পরে স্বীকার করে নিউজ না করার অনুরোধ করেন।

আমাদের সূর্যোদয়ের প্রকাশক ও সম্পাদক আবুল কাশেম অনুরাগী বলেন, ‘ মাত্র একদিন আগে আব্দুর রউফ কে আমি আমার প্রতিষ্ঠানের আইডি কার্ড দিয়েছি। তবে মহসিন আলী দীর্ঘদিন ধরে আমার পত্রিকায় কাজ করছে। কখনো তার বিরুদ্ধে আমি এ ধরনের অভিযোগ শুনিনি। আপনি যদি কোন তথ্য প্রমাণ পান আমাকে জানাবেন। আমি নিজেই ব্যবস্থা গ্রহণ করব। কোন ব্যক্তির অপকর্মের দ্বায় আমার প্রতিষ্ঠান ও আমি নেবো না। ‘

মেহেরপুর সদর থানার ওসি সেখ কনি মিয়া চাঁদাবাজির অভিযোগের বিষয়টি নিশ্চিত করে বলেন, ‘অভিযোগের প্রেক্ষিতে অনুসন্ধান চলছে। পরবর্তীতে কি ব্যবস্থা নেয়া হয়েছে সেটা আমি জেনে আপনাকে নিশ্চিত করব। ‘

তথ্য সংগ্রহ করতে গিয়ে ঝিনাইদহ

জেলা আনসার অফিসে সাংবাদিক লাঞ্ছিত

ঝিনাইদহ জেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে সংবাদ সংগ্রহে গিয়ে লাঞ্ছিত হয়েছে ভোরের কাগজ পত্রিকার সাংবাদিক রোকনুজ্জামান মিলন।

আনসারের জেলা কমান্ড্যান্ট সোহাগ হোসেন ও মহেশপুর উপজেলা টিআই হুসাইনসহ আনসার সদস্যরা তাকে মারপিট করে একটি ঘরে আটকে রাখে। পরে স্থানীয় সংবাদকর্মীরা পুলিশের সহযোগিতায় তাকে উদ্ধার করে।

সংবাদ কর্মীরা জানায়, আগামী ৮ মে উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে আনসার অফিসে নির্বাচনকালীন অস্থায়ী সদস্য নিয়োগ দেওয়া হচ্ছে। সেই খবর সংগ্রহের জন্য ভোরের কাগজ পত্রিকার জেলা প্রতিনিধি রোকনুজ্জামান মিলন সেখানে গিয়ে তথ্য সংগ্রহ করতে গেলে তার সাথে অসদাচরণ শুরু করে জেলা কমান্ড্যান্ট সোহাগ। এক পর্যায়ে তাকে টেনে হিচড়ে একটি রুমে আটকে রাখা হয়। খবর পেয়ে ঝিনাইদহে কর্মরত সাংবাদিকরা সেখানে উপস্থিত হয়ে পুলিশের সহযোগিতায় তাকে উদ্ধার করে। এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে দোষীদের শাস্তির দাবী জানিয়েছেন জেলায় কর্মরত সংবাদকর্মীরা।

এ ব্যাপারে ভুক্তভোগী সংবাদিক রোকনুজ্জামান মিলন বলেন, আমি সংবাদ সংগ্রহের জন্য ওই অফিসের বাইরে অপেক্ষা করছিলাম। জেলা কমান্ড্যান্ট সোহাগ হোসেন এক নারীর সাথে খারাপ ব্যবহার করছিলো। আমি এগিয়ে তার কাছে গেলে আমাকে সেখান থেকে চলে যেতে বলে। আমি সাংবাদিক পরিচয় দেওয়ার সাথে সাথে আমার উপর ক্ষিপ্ত হয়ে ওঠে। পরে আসনার সদস্যরা আমাকে টেনে হিচড়ে একটি রুমের মধ্যে নিয়ে কিল-ঘুষি মারে। ◌্পরে আমাকে ১ ঘন্টা আটকে রাখার পর আমার মোবাইল দেয়। আমি মোবাইল ফিরে পাওয়ার পর অন্য সহকর্মীদের কাছে কল দিলে তারা এসে আমাকে উদ্ধার করে। আমি ওই কর্মকর্তাসহ এর সাথে জড়িতদের শাস্তির দাবী জানাচ্ছি।

এ ব্যাপারে অভিযুক্ত জেলা কমান্ড্যান্ট সোহাগ হোসেন বলেন, আসলে যেভাবে বলা হচ্ছে তেমন কিছু ঘটেনি। সে প্রথমে পরিচয় না দেওয়ায় তাকে রুমের মধ্যে বসিয়ে রেখিছিলাম। তাকে মারধর বা লাঞ্ছিত করা হয়নি।

ঝিনাইদহে সময় টিভির প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে সময় টিভির ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে বুধবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে প্রেসক্লাব মিলনায়তেন আলোচনা সভার আয়োজন করা হয়।

সময় টিভির রিপোর্টার লোটাস রহমান সোহাগ’র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা, আমিনুর রহমান টুকু, নিজাম জোয়ার্দ্দার বাবলু, টেলিভিশন সাংবাদিক ফোরামের সাধারণ সম্পাদক রাজীব হাসান, সাংগঠনিক সম্পাদক সাদ্দাম হোসেন, প্রেসক্লাবের সহ-সভাপতি সুলতান আল একরাম, নির্বাহী সদস্য ওমর আলী সোহাগ, সিনিয়র সাংবাদিক শামীমুল ইসলাম শামীম, কাজী আলি আহম্মেদ পিকুসহ অন্যান্যরা।

সেসময় বক্তারা, দেশ সেরা সংবাদ ভিত্তিক টেলিভিশন সময় সংবাদের উত্তোরোত্তর সাফল্য কামনা করেন। সেই সাথে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করায় কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেণ।

গাংনীতে মাই টিভির প্রতিষ্ঠাবার্ষিকী পালন

গাংনীতে আলোচনা সভা ও কেক কেটে বেসরকারি টিভি চ্যানেল মাই টিভির ১৫ তম প্রতিবার্ষিকী উৎযাপন করা হয়েছে।

মাই টিভির গাংনী উপজেলা প্রতিনিধি মাসুদ রানার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমিন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন মাই টিভির গাংনী উপজেলা প্রতিনিধি মাসুদ রানা।

এসময় উপস্থিত ছিলেন, সাংস্কৃতিক কর্মী মজিবুর রহমান, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এমএন পাভেল, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন, সাহাজুল ইসলাম সাজু, হারুন অর রশিদ রবি, সাংবাদিক এ সিদ্দিকী শাহিন, রকিবুল ইসলাম কবি, বদরুদ্দোজা লাল্টু, সাঈদ হোসেন, বিল্লাল হোসেন প্রমুখ। পরে কেক কাটা হয়।

সাংবাদিক হাসনাত শাহীন ও তার পরিবারকে প্রাণনাশের হুমকির ঘটনায় ডিআরইউ’র নিন্দা

ঢাকা রিপোর্টার্স ইউনিটি’র (ডিআরইউ) স্থায়ী সদস্য ও সংবাদ সারাবেলা’র সিনিয়র রিপোর্টার আবুল হাসনাত মো. শাহীন (হাসনাত শাহীন)সহ তার পরিবারের সকলকে প্রাণনাশের হুমকির ঘটনায় নিন্দা জানিয়েছে ডিআরইউ। হুমকীর ঘটনায় তার পরিবার মেহেরপুর সদর থানাসহ প্রশাসনের বিভিন্ন মহলকে অবহিত করেছে।

আজ রবিবার (৭ এপ্রিল) এক বিবৃতিতে ডিআরইউ কার্যনির্বাহী কমিটির পক্ষে সভাপতি সৈয়দ শুকুর আলী শুভ এবং সাধারণ সম্পাদক মহি উদ্দিন এই ঘটনার সুষ্ঠু তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি আহ্বান জানান।

আবুল হাসনাত মো. শাহীন (হাসনাত শাহীন) জানান, ‘গত ১লা এপ্রিল; সোমবার রাত ১০টার দিকে মেহেরপুরের রাধাকান্তপুর গ্রামের বাড়ি থেকে আমার ছোটভাই আবুল হাসান মো: শাহরিয়ার (শাহরিয়ার লিয়ন)’কে ডেকে নিয়ে গিয়ে পুলিশের ইন্ধনে পুলিশের সামনে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে গুরুতর জখম করে একদল সন্ত্রাসী। সন্ত্রাসীরা সবাই বর্তমান জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন (দোদুল)-এর কর্মী। যে কারণে পুলিশের সামনে লিয়নের ওপর হামলা করার পরও তারা প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে! এমনকি ঘটনার দিন রাতে পুলিশের সঙ্গেই সন্ত্রাসীরা ঘুরে বেড়িয়েছে। এই হামলার পরে লিয়ন কোন রকম প্রাণে বেঁচে গেলে সন্ত্রাসীরা এখন লিয়নসহ আমার পরিবারের (আমি, আমার আরও দুই ভাই এবং বাবা-মা’সহ অন্যান্য আত্মীয়-স্বজন) সকলকে নানাভাবে প্রাণনাশের হুমকি দিচ্ছে। সন্ত্রাসীরা বলছে- যাকে মেরেছি; সে মরেনি, এবার তাকে তো মারবোই, তার পরিবারের যাকে যেখানেই দেখবো; সেখানেই মেরে লাশ ফেলে রাখবো।

বিবৃতিতে ডিআরইউ নেতৃবৃন্দ আইনশৃঙ্খলা বাহিনীকে দ্রুত তদন্ত করে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান ।

মেহেরপুর জেলা প্রেসক্লাবের উদ্যোগে ইফতার ও দোয়া অনুষ্ঠিত

মেহেরপুর জেলা প্রেসক্লাবের আয়োজনে ইফতার ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার ২৬ রমজান সুর্যাস্তের সাথে সাথে দোয়া ও ইফতার অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা প্রেসক্লাব আয়োজিত ইফতার পার্টি ও দোয়ার

অনুষ্ঠানে প্রধান মেহমান হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমাম রিটন।

জেলা প্রেসক্লাব সভাপতি দৈনিক যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযমের সভাপতিত্বে দোয়া পরিচালনা করেন দৈনিক লাখো কন্ঠ প্রতিনিধি রফিকুল আলম বকুল।

ইফতার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দৈনিক মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও দৈনিক কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক ও দি ম্যাসেন্জার প্রতিনিধি মাহাবুব চান্দু, মেহেরপুর জেলা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক দৈনিক মানবকণ্ঠ ও বাংলা টিভির জেলা প্রতিনিধি আকতারুজ্জামান, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) ও দৈনিক প্রতিদিনের সংবাদ এর জেলা প্রতিনিধি দিলরুবা ইয়াসমিন, জেলা প্রেস ক্লাবের সহ সভাপতি চ্যানেল নাইন এর জেলা প্রতিনিধি আবু নাসের, দৈনিক ভোরের কাগজ জেলা প্রতিনিধি মোর্তুজা ফারুক রুপক, দৈনিক জবাবদিহি পত্রিকার প্রতিনিধি এ সিদ্দিকী শাহিন, দৈনিক আমাদের অর্থনীতির জেলা প্রতিনিধি মাসুদ রানা, দৈনিক ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, দৈনিক নয়া দিগন্ত প্রতিনিধি হারুন অর রশীদ রবি, মাই টিভি প্রতিনিধি মাসুদ রানা, দৈনিক সকালের সময় ও দি ট্রাইবুনাল এর জেলা প্রতিনিধি লিটন মাহমুদসহ জেলা প্রেসক্লাবের সকল সদস্য।

মেহেরপুরে শ্রমজীবী মানুষের মাঝে শুভসংঘের ইফতার বিতরণ

বসুন্ধরা-শুভসংঘ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে শহরের শ্রমজীবী মানুষ রিক্সাচালক, ভ্যান চালকদের মাঝে ইফতার বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে মেহেরপুর শহরের মল্লিকপড়া মোড়ে পথচলতি শ্রমজীবী মানুষের এ ইফতার তুলেন দেন শুভ সংঘের সদস্যরা।

ইফতার বিতরণকালে কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, শুভ সংঘ

মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রভাষক (অব.) নুরুল ইসলাম, সহসভাপতি বশির আহমেদ, রফিকুল ইসলাম বকুল, সাবেক সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, সাংগঠনিক সম্পাদক নাফিউল ইসলাম, কোষ্যধাক্ষ তানজিম হোসেন, সাব্বির আহমেদ, সদস্য ওবায়দুল্লাহ, হাফিজ খান রুদ্র, হাসানুজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন। শহরের শতাধিক শ্রমজীবী মানুষের মাঝে ইফতার বিতরণ করা হয়।

এসময় শুভসংঘের সভাপতি নুরুল ইসলাম বলেন, আর্ত মানবতার সেবায় বসুন্ধরা শুভ সংঘ কাজ করে যাচ্ছে। তারই অংশ হিসেবে শ্রমজীবী মানুষের মাঝে ইফতার বিতরণ করা হলো। এ ধরণের মানব কল্যানমুখী কাজ করায় শুভসংঘের মূল ব্রত।